PPL3—Bengali ক্রিয়েটিভ সার্ভিসেস, কান্ট্রি হল দ্বারা পরিকল্পিত ও প্রস্তুতকৃত, 2006

পেরেন্ট পার্টনারশিপ সার্ভিস



আপনাকে ছবিতে নিয়ে আসছে

পুস্তিকা সংখ্যা 3

বিধিবদ্ধ মূল্যায়ন

Bedfordshire county council

1

আপনার ও আপনার সন্তানের জন্যে বিধিবদ্ধ মূল্যায়নের অর্থ কি, এই পুস্তিকা সেটা বুঝতে আপনাকে সাহায্য করবে।

সূচনা

বিশেষ শিক্ষাগত চাহিদাসম্পন্ন অধিকাংশ শিশু স্কুল অ্যাকশন ও স্কুল অ্যাকশন প্লাস-এর মাধ্যমে তাদের প্রয়োজনীয় সমস্ত সহায়তা পাবে, যেহেতু তাদের চাহিদা পূরণের জন্যে স্কুলগুলির বাজেটে একটি ভাতা আছে। তবে অত্যন্ত স্বল্প সংখ্যক কিছু শিশুর ক্ষেত্রে বিধিবদ্ধ মূল্যায়ন প্রয়োজন হতে পারে।

লোকাল অথরিটি যখন আপনার শিশুর শিক্ষাগত অসুবিধার প্রতি সতর্ক দৃষ্টিতে তাকায়, তখন একে বিধিবদ্ধ মূল্যায়ন বলে। তারা আপনাকে, শিক্ষকদের এবং অন্যান্য পেশাদারদের আপনার সন্তান সম্বন্ধে রিপোর্ট লিখতে বলে।

লোকাল অথরিটি এই তথ্য পেয়ে সেটার দিকে তাকাবার পরে, আপনার সন্তানের জন্যে বক্তব্য প্রয়োজন আছে কিনা তা দেখার জন্যে তার মূল্যায়ন করা হবে কিনা সে বিষয়ে একটি রেফারালস্ প্যানেল সিদ্ধান্ত নেবে। আপনি এই পুস্তিকার পশ্চাতে মূল্যায়ন প্রক্রিয়ার একটি সময়সূচি পাবেন।.

এই পুস্তিকার সারির অলঙ্করণগুলি ওয়েস্টফিল্ড মিড্‌ল স্কুল, বেডফোর্ড-এর, শিশুরা এঁকেছে।.

বিধিবদ্ধ মূল্যায়নের জন্যে অনুরোধ

কিছু ক্ষেত্রে লোকাল অথরিটি সিদ্ধান্ত নিতে পারে যে আপনার সন্তানের চাহিদাগুলির মূল্যায়ন করার প্রয়োজন নেই। এটা নিম্নলিখিত কারণগুলির জন্যে হতে পারে:

- আপনার সন্তানের যে চাহিদাগুলি আছে, তা স্কুল অ্যাকশন প্লাস ইতোমধ্যেই প্রদান করছে;
- আপনার সন্তানের অসুবিধাগুলির মাত্রা দেখাবার জন্যে যথেষ্ট পরিমাণ প্রমাণ নেই।

অধিকাংশ শিশুদের ক্ষেত্রে বিধিবদ্ধ মূল্যায়নের অনুরোধ করার সঠিক সময় হল যখন স্কুল ইতোমধ্যেই তাকে স্কুল অ্যাকশন ও স্কুল অ্যাকশন প্লাস-এর মাধ্যমে সহায়তা প্রদান করেছে এবং এটা স্পষ্ট হয়ে গেছে যে শিশুটির আরো বেশি সহায়তা প্রয়োজন।

গুরুতর, জটিল ও দীর্ঘকালীন চাহিদাসম্পন্ন অত্যন্ত স্বল্পসংখ্যক কিছু শিশুর ক্ষেত্রে স্কুল প্রারম্ভিক পর্যায়ে বিধিবদ্ধ মূল্যায়নের অনুরোধ করতে পারে, কারণ এটা নিশ্চিত হয়ে যায় যে অতিরিক্ত সহায়তা প্রয়োজন হবে।

স্কুলের অনুরোধ

লোকাল অথরিটির কাছে বিধিবদ্ধ মূল্যায়নের অনুরোধ করার আগে স্কুল আপনার সাথে পরামর্শ করবে। স্কুল অ্যাকশন প্লাসের সহায়তা পাওয়া কোন শিশু যেভাবে উন্নতি করছে সে বিষয়ে স্কুল যদি উদ্বিগ্ন হয় তাহলে তারা বিধিবদ্ধ মূল্যায়নের অনুরোধ করতে পারে। স্কুল বিধিবদ্ধ মূল্যায়নের অনুরোধ করলে লোকাল অথরিটি চিঠি লিখে জানতে চাইবে যে আপনি এই বিষয়ে রাজি আছেন কিনা এবং সন্তানের বিষয়ে আপনি কোন তথ্য পাঠাতে চাইবেন কিনা।



3

রেফারাল প্যানেল

অভিভাবকের অনুরোধ

বাবামা বা তত্ত্বাবধায়ক হিসাবে আপনিও আপনার সন্তানের বিধিবদ্ধ মূল্যায়নের জন্যে লোকাল অথরিটির কাছে অনুরোধ করতে পারেন। আপনি যদি মনে করেন যে স্কুল অ্যাকশন প্লাসের মাধ্যমে আপনার সন্তানের চাহিদাগুলি পূরণ হচ্ছে না তাহলে প্রথমে তার স্কুলের সাথে সাক্ষাত করা একটা ভালো ধারণা। আপনি একজন পেরেন্ট পার্টনারশিপ অফিসারের সাথেও কথা বলতে পারেন (টেলি: 01234 316353), তিনি আপনাকে বিধিবদ্ধ মূল্যায়নের বিষয়ে পরামর্শ দিতে পারবেন।

লোকাল অথরিটি বিধিবদ্ধ মূল্যায়নের জন্যে অনুরোধ পাওয়ার পরে তারা স্কুল আপনার উভয়ের কাছ থেকে তথ্য চাইবে। স্বাস্থ্য বা সামাজিক পরিষেবার মত কোন সংস্থার রিপোর্ট সমেত যে কোন তথ্য আপনি পাঠাতে পারেন, যদি আপনি মনে করেন এটা আপনার অনুরোধকে সাহায্য করবে।

বিধিবদ্ধ মূল্যায়নের প্রয়োজন আছে কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্যে তারা একটি রেফারাল প্যানেল গঠন করবেন।

রেফারাল প্যানেল অন্য পেশাদার ব্যক্তিদের কাছে আপনার সন্তান সম্পর্কিত তথ্য প্রদান করার অনুরোধ জানাতে পারে (উদাহরণ স্বরূপ, চিকিৎসক বা বিশেষজ্ঞ শিক্ষক)।

রেফারাল প্যানেল যে তথ্য পাবে, তার ভিত্তিতেই তারা সিদ্ধান্ত নেবে।

বিধিবদ্ধ মূল্যায়নের প্রয়োজন আছে এই সিদ্ধান্ত নেওয়ার আগে রেফারাল প্যানেল এই বিষয়গুলির দৃঢ় প্রমাণ খোঁজে

:

- স্কুল হেল্‌থ অথরিটি এবং শিক্ষাগত মনস্তাত্ত্বিকের মত কোন বহিঃস্থ সংস্থাসমূহের কাছ থেকে পরামর্শ চেয়েছে এবং তার ভিত্তিতে পদক্ষেপ নিয়েছে;
- স্কুল অ্যাকশন প্লাসে শিশুটির বিশেষ শিক্ষাগত চাহিদাসমূহ পূরণের জন্যে স্কুল ও সংস্থাগুলি কার্যকরীরূপে কাজ করছে;
- স্কুল যে পরামর্শ পেয়েছে, শিশুটির ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা সেই আলোচনাকে এগিয়ে নিয়ে গেছে এবং স্কুল এই পরিকল্পনাগুলি একটি সময়কাল ধরে ব্যবহার করেছে এবং সেগুলির পর্যালোচনা করেছে;

লোকাল অথরিটির সিদ্ধান্ত

- স্কুল বাবামাকে যুক্ত করেছে;
- আপনার সন্তানকে সহায়তা দেওয়ার জন্যে স্কুল তার বিশেষ শিক্ষাগত চাহিদার বাজেটের সুব্যবহার করছে; এবং
- স্কুল ও বহিঃস্থ সংস্থাসমূহের সকল প্রচেষ্টা সত্ত্বেও আপনার সন্তানের এমন গু রুত্বপূর্ণ এবং/অথবা জটিল বিশেষ শিক্ষাগত চাহিদা রয়ে গেছে, যেগুলি উদ্বেগের কারণ।

রেফারাল প্যানেল এই সকল বিষয়গুলি বিবেচনাপূর্বক সিদ্ধান্ত নেওয়ার পরে, লোকাল অথরিটি আপনার সন্তানের চাহিদাগুলির বিধিবদ্ধ মূল্যায়ন করবে কি করবে না তা জানিয়ে আপনাকে চিঠি লিখবে। তারা এই সিদ্ধান্তগুলি নিতে পারে:

- স্কুল অ্যাকশন প্লাসে উপলব্ধ সহায়তা আপনার সন্তানের বিশেষ শিক্ষাগত চাহিদাগু লি পূরণ করা চালিয়ে যাবে। এই ক্ষেত্রে সিদ্ধান্ত নেওয়া হবে যে তারা বিধিবদ্ধ মূল্যায়নের বিষয়ে অগ্রসর হবে না; অথবা
- আপনার সন্তানের বিশেষ শিক্ষাগত চাহিদার বিষয়ে তাদের আরো বিস্তারিত তথ্য প্রয়োজন। এই ক্ষেত্রে লোকাল অথরিটি বিধিবদ্ধ মূল্যায়নের দিকে অগ্রসর হবে।

মনে রাখুন

লোকাল অথরিটি যদি আপনার বিধিবদ্ধ মূল্যানের অনুরোধ প্রত্যাখ্যান করে তাহলে আপনি পরবর্তী সময়ে আবার চেষ্টা করতে পারেন।

5 আবেদনের অধিকার

আপনি যদি লোকাল অথরিটির সিদ্ধান্তে খুশি না হন তাহলে আমরা আপনাকে লোকাল অথরিটি এবং/অথবা পেরেন্ট পার্টনারশিপ সার্ভিসে আমাদের সাথে কথা বলার জন্যে উৎসাহ দিয়ে থাকি।

আপনি লোকাল অথরিটির সাথে বিধিবদ্ধ মূল্যায়নের বিষয়ে আলোচনা করার পরেও যদি তারা এটা সম্পাদন করতে অস্বীকার করেন তাহলে আপনার বিশেষ শিক্ষাগত চাহিদা ও অক্ষমতা ট্রিবিউনাল (SENDIST) -এর কাছে আবেদন করার অধিকার আছে। আপনি SENDIST-এর বিকল্প হিসাবে বিরোধ বা বিবাদ মেটাবার জন্যে মধ্যস্থতায় যেতে পারেন। আপনি আবেদন করার কথা বিবেচনা করা সত্ত্বেও মধ্যস্থতায় যেতে পারেন।

লোকাল অথরিটি আপনাকে জানাবে যে আপনার সন্তানের বিশেষ শিক্ষাগত চাহিদাগুলি পূরণের জন্যে তার অতিরিক্ত বন্দোবস্তের প্রয়োজন হবে কিনা।

পেরেন্ট পার্টনারশিপ সার্ভিস আপনাকে চিঠিও লিখবে এবং একটি তথ্যমূলক বৈঠকে আমন্ত্রণ জানাবে, যেখানে কেউ একজন আপনার কাছে বিধিবদ্ধ মূল্যায়ন প্রক্রিয়া ব্যাখ্যা করবেন এবং আপনার কোন প্রশ্ন থাকলে আপনি সেগুলি জিজ্ঞাসা করতে পারবেন।

আপনি লোকাল অথরিটির কাছে অথবা পেরেন্ট পার্টনারশিপ সার্ভিসে আমাদের কাছ থেকে SENDIST এবং মধ্যস্থতা বিষয়ক বিস্তারিত বিবরণ পেতে পারেন। অনুগ্রহ করে ‘‘আপনি যদি আপনার সন্তানের বিশেষ শিক্ষাগত চাহিদার জন্যে ব্যবস্থাগুলি সম্বন্ধে খুশি না হন’’ নামক পুস্তিকাটি দেখুন।

বিধিবদ্ধ মূল্যায়ন

লোকাল অথরিটি যদি সিদ্ধান্ত নেয় যে তারা বিধিবদ্ধ মূল্যায়নের বিষয়ে অগ্রসর হবেন তাহলে তারা আপনার জন্যে একজন নেম্‌ড অফিসার (নির্দিষ্ট অফিসার) নির্দিষ্ট করবেন, তিনি বিধিবদ্ধ মূল্যায়ন প্রক্রিয়ার যে কোন অংশ সম্বন্ধে আপনার সাথে আলোচনা করতে পেরে আনন্দিত হবেন এবং আপনাকে এই বিষয়ে সহায়তা করবেন। লোকাল অথরিটি যখন আপনাকে তাদের সিদ্ধান্তের কথা জানিয়ে চিঠি লিখবে তখনই তারা আপনাকে জানিয়ে দেবে যে কোন ব্যক্তি আপনার নেম্‌ড অফিসার হবেন।

আপনি অন্য কোন অধিক তথ্য প্রদান করতে চান কিনা সে বিষয়ে তারা আবার আপনার কাছে জানতে চাইবে।

মূল্যায়ন চলাকালীন লোকাল অথরিটি এদের কাছ থেকে তথ্য সংগ্রহ করবে:

- আপনি এবং আপনার সন্তান;
- আপনার সন্তানের স্কুল;
- একজন শিক্ষাগত মনস্তাত্ত্বিক;
- স্বাস্থ্য বিশেষজ্ঞগণ, যার মধ্যে একজন এলাকাবাসীর শিশুচিকিৎসক এবং যেমনটা উপযুক্ত হবে সেই অনুযায়ী অন্যান্য পেশাদার ব্যক্তিরা অন্তর্গত, যেমন অকুপেশনাল থেরাপিস্ট বা স্বাস্থ্য পরিদর্শক;
- সোশ্যাল সার্ভিসেস;
- এবং আপনার সন্তানের সাথে যুক্ত অন্যান্য বিশেষজ্ঞ।

পেরেন্ট পার্টনারশিপ সার্ভিস আপনাকে চিঠিও লিখবে এবং একটি তথ্যমূলক বৈঠকে আমন্ত্রণ জানাবে, যেখানে কেউ একজন আপনার কাছে বিধিবদ্ধ মূল্যায়ন প্রক্রিয়া ব্যাখ্যা করবেন এবং আপনার কোন প্রশ্ন থাকলে আপনি সেগুলি জিজ্ঞাসা করতে পারবেন।



7 বিবৃতি

লোকাল অথরিটি যদি মনে করে যে আপনার সন্তানের চাহিদাগুলি স্কুলের সংস্থানের মধ্যেই পূরণ করা সম্ভব তাহলে তারা বিবৃতি জারি করবে না, তারা আপনাকে একটি ‘‘পরিবর্তে টীকা’’ পাঠাবে।

আপনার সন্তানের বিশেষ শিক্ষাগত চাহিদাগুলি পূরণের জন্যে তার যদি অতিরিক্ত বন্দোবস্তের প্রয়োজন হয় তাহলে লোকাল অথরিটি আপনাকে জানাবে। এই পর্যায়ে আপনার আবেদনের অধিকার আছে কিনা তারা আপনাকে সেটাও জানাবে। লোকাল অথরিটি আপনাকে এই বিষয়ে বিস্তারিত বিবরণ পাঠাবে।

যদি লোকাল অথরিটি মনে করে যে আপনার সন্তানের জন্যে অতিরিক্ত বন্দোবস্ত প্রয়োজন তাহলে তারা আপনাকে একটি প্রস্তাবিত বিবৃতি পাঠাবে। আপনার সন্তানের বিশেষ শিক্ষাগত চাহিদাগুলি এবং স্কুল যে সকল উপায়ে এই চাহিদাগুলির প্রতিটি পূরণ করতে পারে, তা এতে তুলে ধরা হবে। মূল্যায়নের জন্যে সংগৃহীত সমস্ত রিপোর্টগুলিও এতে অন্তর্ভুক্ত থাকবে।

প্রস্তাবিত বিবৃতির বিষয়ে আপনার মতামত লোকাল অথরিটিকে জানাবার জন্যে আপনি 15 দিন সময় পাবেন অথবা আপনি এই বিষয়ে আপনার নেম্‌ড অফিসারের সাথে আলোচনা করার জন্যে সাক্ষাতের অনুরোধ করতে পারেন। আপনি স্কুল বা পেরেন্ট পার্টনারশিপ সার্ভিসের সাথে প্রস্তাবিত বিবৃতি নিয়ে আলোচনা করতে পারেন।

পরিবর্তে টীকা এবং বিবৃতি বিষয়ক বিস্তারিত বিবরণের জন্যে অনুগ্রহ করে ‘SEN-এর পরিবর্তে টীকা এবং বিবৃতি’ নামক পুস্তিকাটি দেখুন।

মনে রাখবেন

আপনি যদি কোন প্রস্তাবিত বিবৃতির বিষয়ে অখুশি হন তাহলে আপনার উদ্বেগের বিষয়ে লোকাল অথরিটির সাথে কথা বলা জরুরি।

বিবৃতি

৪

আপনি যদি প্রস্তাবিত বিবৃতির সাথে সম্মত হন তাহলে প্রস্তাবিত বিবৃতির আট সপ্তাহ সময়ের ভিতয়ে আপনি অন্তিম বিবৃতি পাবেন।

আপনি যদি কোন সম্মতিতে পৌঁছাতে সমর্থ না হয়ে থাকেন তাহলে লোকাল অথরিটি বিবৃতির অন্তিম রূপদান করবে। আপনি SENDIST (বিশেষ শিক্ষাগত চাহিদা ও অক্ষমতা ট্রিবিউনাল)-এর কাছে আবেদন করতে পারবেন এবং/অথবা মধ্যস্থতায় যেতে পারবেন।

অন্তিম বিবৃতির সাথে লোকাল অথরিটি আপনাকে আবেদনের অধিকারের বিস্তারিত বিবরণ পাঠাবে।

পরিবর্তে টীকা বা বিবৃতিতে কি থাকে তা বিশদে জানতে হলে অনুগ্রহ করে ''বিশেষ শিক্ষাগত চাহিদার পরিবর্তে টীকা ও বিবৃতি'' নামক পুস্তিকাটি দেখুন।

বাৎসরিক পর্যালোচনা

আপনার সন্তানের যদি বিশেষ শিক্ষাগত চাহিদার বিবৃতি থাকে, তাহলে লোকাল অথরিটিকে অন্ততপক্ষে প্রতি 12 মাস অন্তর বিবৃতির দিকে নজর দিতেই হবে। একে বলা হয় বাৎসরিক পর্যালোচনা।

আপনার সন্তানের উন্নতি পর্যবেক্ষণ করা এবং বিবৃতিটি এখনও তার চাহিদাগুলি পূরণ করতে সক্ষম হচ্ছে কিনা তা সুনিশ্চিত করার জন্যে এই পর্যালোচনা করা হয়।

অধিক তথ্যের জন্যে অনুগ্রহ করে ''বাৎসরিক পর্যালোচনা ও রূপান্তর পরিকল্পনা'' নামক পুস্তিকা দেখুন।

৭

সময়সূচি

6 সপ্তাহ

লোকাল অথরিটি অনুরোধটি বিবেচনা করে এবং সিদ্ধান্ত নেয়:

হ্যাঁ অথবা না

বিধিবদ্ধ মূল্যায়নের বিষয়ে

(না হলে, আপনার মধ্যস্থতা বা আবেদনের অধিকার আছে)

10 সপ্তাহ

লোকাল অথরিটি মূল্যায়ন করে এবং এটা করা হবে কিনা সিদ্ধান্ত নেয়:

বিবৃতি তৈরি করা অথবা বিবৃতি তৈরি না করা

(করা না হলে, আপনার মধ্যস্থতা বা আবেদনের অধিকার আছে)

2 সপ্তাহ

লোকাল অথরিটি হয়:

প্রস্তাবিত বিবৃতি জারি করে অথবা বিবৃতি জারি না করার সিদ্ধান্তটি ব্যাখ্যা করে এবং পরিবর্তে টীকা পাঠায়।

(বিবৃতি অথবা পরিবর্তে টীকার কিছু অংশের বিষয়ে আপনার মধ্যস্থতা বা আবেদনের অধিকার আছে)

8 সপ্তাহ

লোকাল অথরিটি অন্তিম বিবৃতিটি পাঠায়।

মোট = 26 সপ্তাহ

If you need the information in this leaflet in another language or in a special format, such as braille, large print or audio-cassette, please contact us at the address below.

ਇਹ ਪ੍ਰਕਾਸ਼ਨ ਵਿਸ਼ੇਸ਼ ਵਿਦਿਅਕ ਜ਼ਰੂਰਤਾਂ ਵਾਲੇ ਬੱਚਿਆਂ ਦੇ ਮਾਪਿਆਂ ਨੂੰ ਜਾਣਕਾਰੀ ਦਿੰਦਾ ਹੈ। ਇਹ ਮਾਪੇ ਸਾਂਝੀਦਾਰੀ ਸੇਵਾ ਵਲੋਂ ਪ੍ਰਸਤੁਤ ਕੀਤਾ ਜਾਂਦਾ ਹੈ। ਇਹ ਸੇਵਾ ਮਾਪਿਆਂ ਨੂੰ ਗੁਪਤ ਅਤੇ ਨਿਰਪੱਖ ਸਹਾਇਤਾ ਮੁਹੱਈਆ ਕਰਦੀ ਹੈ। ਜੇਕਰ ਤੁਹਾਨੂੰ ਇਸ ਜਾਣਕਾਰੀ ਜਾਂ ਸਲਾਹ ਦੀ ਤੁਹਾਡੀ ਆਪਣੀ ਭਾਸ਼ਾ ਵਿੱਚ ਲੋੜ ਹੈ, ਤਾਂ ਸਾਡੇ ਨਾਲ ਹੇਠ ਦਿੱਤੇ ਪਤੇ ਤੇ ਸੰਪਰਕ ਕਰੋ।

Ky botim jep të dhëna për prindërit që kanë fëmijë me nevoja të veçanta mësimore. Është përgatitur nga Shërbimi i Partneritetit të Prindërve (Parent Partnership Service). Ky shërbim i ofron prindërve përkrahje të besueshme dhe të paanëshme. Nëse këto të dhëna ose këshilla ju nevojiten në gjuhën amtare, ju lutemi të na kontaktoni në adresën e mëposhtme.

આ પ્રકાશન વિશેષ શૈક્ષણિક જરૂરિયાતો ધરાવતા બાળકોના વાલીઓને માહિતી આપે છે. એ પેરેન્ટ પાર્ટનરશિપ સર્વિસ દ્વારા બનાવવામાં આવ્યું છે. આ સેવા વાલીઓને ખાનગી અને તટસ્થ ટેકો આપે છે. જો તમને આ માહિતી કે સલાહ તમારી ભાષામાં જોઈતી હોય, તો કૃપા કરીને નીચે આપેલા સરનામા પર અમને સંપર્ક કરો.

Niniejsza publikacja zawiera informacje kierowane do rodziców dzieci o specjalnych potrzebach edukacyjnych. Została przygotowana przez serwis partnerstwa rodziców. Oferuje on poufną oraz bezstronną pomoc dla rodziców. Jeżeli potrzebujesz informacji lub porady we własnym języku, prosimy o skontaktowanie się z nami pod adresem podanym poniżej.

এই প্রকাশন বিশেষ শিক্ষার আবশ্যক হওয়া শিশুদের পিতা মাতাদেরকে তথ্য প্রদান করে। পিতা-মাতা অংশীদার সেবা এইটি প্রকাশ করে। এই সেবা পিতা-মাতাদেরকে গোপন এবং পক্ষপাতশূন্য সমর্থন প্রদান করে। যদি আপনাকে নিজের ভাষায় এই তথ্য অথবা উপদেশের আবশ্যক, অনুগ্রহ করে নিচের ঠিকানায় আমাদেরকে যোগাযোগ করুন।

یہ اشاعت خصوصی تعلیمی ضرورت والے بچوں کے والدین کو معلومات فراہم کرتا ہے- اسے پیرنٹ پارٹنرشپ سروس نے تیار کیا ہے- یہ خدمت والدین کورازدارانہ اور غیر جانبدارانہ تعاون فراہم کرتا ہے- اگر آپ کو یہ معلومات یا مشورے آپ کی اپنی زبان میں درکار ہوں تو، برائے مہربانی ہم سے ذیل کے پتے پر رابطہ کریں-

Questa pubblicazione informativa è rivolta ai genitori di bambini con necessità educative speciali. Essa è prodotta dal Parent Partnership Service, ente che offre sostegno ai genitori ispirandosi a criteri di riservatezza e imparzialità. Se desiderate ricevere informazioni o consigli nella vostra lingua, potete contattarci all'indirizzo sottostante.

Cette publication offre des informations aux parents d'enfants qui ont des besoins particuliers en matière d'éducation. Elle est publiée par le Parent Partnership Service. Ce service offre un soutien confidentiel et impartial aux parents. Si vous souhaitez recevoir ces informations ou des conseils dans votre propre langue, veuillez nous contacter à l'adresse reprise ci-après.

The Parent Partnership Service
Westfield Middle School
Queens Park
Bedford
MK40 4HW
টেলি: (01234) 316353
ফ্যাক্স: (01234) 316352
ইমেল: parent.partnership@bedscc.gov.uk
ওয়েবসাইট: www.bedfordshire.gov.uk/parentp